

# সেবেন্ডারি

# স্কুলে

# ফ্র-এর

# টিকাদান

টিকা গ্রহণ করা  
একটি পছন্দ।

আমরা আপনাকে  
আপনার  
প্রয়োজনীয় তথ্য  
দিতে চাই।



আরো তথ্যের জন্য  
আমাদের ওয়েবসাইট  
[northeastlondon.  
ics.nhs.uk/  
TeenVaccines](http://northeastlondon.ics.nhs.uk/TeenVaccines)

ভিজিট করুন অথবা এই  
QR কোড স্ক্যান করুন।

**PROTECT  
THEIR  
POTENTIAL**



## ফ্লু-এর টিকা

শিশুদের ফ্লু-এর টিকা তাদেরকে ফ্লু-এর বিরুদ্ধে সুরক্ষিত থাকতে সাহায্য করে। ভর্তি হওয়ার বয়স থেকে 11 বছর বয়সী সব স্কুলগামী শিশুকে প্রত্যেক শরতকালে এটি প্রদান করা হয়।

## শিশুদেরকে কেন ফ্লু-এর টিকা প্রদান করা হয়?

ফ্লু অত্যন্ত অপ্রীতিকর হতে পারে এবং কখনো কখনো গুরুতর সমস্যা সৃষ্টি করতে পারে। যুক্তরাজ্যে প্রত্যেক শীতকালে, অন্যথায় সুস্থ থাকা হাজার হাজার শিশু ও তরুণ ব্যক্তিকে ফ্লু-এর কারণে হাসপাতালে ভর্তি হয়ে সেবা নিতে হয়।

শিশু ও তরুণ ব্যক্তির সহজেই ফ্লু-তে আক্রান্ত হতে পারে এবং এটি ছড়িয়ে পড়তে পারে। এছাড়াও ফ্লু-এর টিকা গ্রহণ করা ফ্লু-এর কারণে গুরুতর অসুস্থ হয়ে পড়ার উচ্চতর ঝুঁকিতে রয়েছেন এমন অন্য ব্যক্তিদেরকেও, যেমন শিশু ও প্রবীণ ব্যক্তি, সুরক্ষিত রাখতে সাহায্য করে।

## আপনি কিভাবে এটি গ্রহণ করবেন?

প্রশিক্ষিত টিকাদানকারীদের একটি দল আপনার স্কুলে আসবে। তারা অত্যন্ত অভিজ্ঞ এবং প্রতি বছর হাজার হাজার টিকা প্রদান করে থাকেন। তারা আসার আগে, স্কুলের তরফ থেকে টিকাদানের বিষয়টি ব্যাখ্যা করে এবং বাবা-মায়ের কাছে তাদের সম্মতি চেয়ে একটি চিঠি পাঠানো হবে। বাবা-মায়েরা দ্রুত অনলাইনে অথবা কাগজের একটি ফরম পূরণ করে এটি করতে পারবেন।

কখনো কখনো আপনি টিকা প্রদান করার দিন টিকাদানকারীর সঙ্গে কথা বলতে পারবেন এবং নিজেই সম্মতি দিতে পারবেন।

যদি আপনি কোনো টিকা মিস করে থাকেন, তাহলে আপনার জন্য সবসময়ই সেটা গ্রহণ করার সুযোগ থাকবে। শুধু আপনার GP অথবা স্কুলের টিকাদানকারী দলকে বললেই হবে।

## এতে কী আছে?

শিশুদের ফ্লু-এর টিকা একটি দ্রুত ও ব্যথামুক্ত নাকের স্প্রে হিসেবে প্রদান করা হয়। এটি 2 থেকে 17 বছর বয়সী শিশুদের জন্য সেরা সুরক্ষা প্রদান করে।

নাকের স্প্রে টিকার মধ্যে অল্প পরিমাণে পর্ক জিলাটিন (পোরসিন জিলাটিন যা শুকর থেকে আসে)

রয়েছে। ইনজেকশন হিসেবে প্রদান করার বিকল্প একটি টিকা রয়েছে যেটিতে জিলাটিন নেই।

যদি আপনি ইনজেকশনের মাধ্যমে ফ্লু-এর টিকা গ্রহণ করতে চান, তাহলে আপনি আপনার GP অথবা স্কুলের টিকাদানকারী দলের সাথে কথা বলতে পারেন।

## কোনো পার্শ্বপ্রতিক্রিয়া আছে কী?

কোনো ফ্লু-এর টিকা থেকে আপনি ফ্লু-তে আক্রান্ত হবেন না।


যেকোনো ওষুধের মতোই মৃদু কিছু পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে পারে, কিন্তু সেগুলো বেশি দিন থাকবে না, এবং অনেকেরই কোনো পার্শ্বপ্রতিক্রিয়াই দেখা যায় না।

নাকের স্প্রে হিসেবে দেওয়া ফ্লু-এর টিকার পার্শ্বপ্রতিক্রিয়াগুলোর মধ্যে থাকতে পারে:

- নাক বন্ধ হয়ে যাওয়া বা নাক দিয়ে পানি পড়া
- ক্ষুধা কমে যাওয়া
- ক্লান্ত অনুভব করা
- মাথাব্যথা

ইনজেকশন হিসেবে দেওয়া ফ্লু-এর টিকার পার্শ্বপ্রতিক্রিয়াগুলোর মধ্যে থাকতে পারে:

- ইনজেকশন দেওয়ার জায়গায় ব্যথা বা সংবেদনশীলতা দেখা দেওয়া
- তাপমাত্রা কিছুটা বেড়ে যাওয়া
- শরীরে ব্যথা হওয়া



# ফ্লু-এর টিকা কতটা ভালোভাবে কাজ করে এবং এটি কতদিন স্থায়ী হয়?

ফ্লু-এর টিকার লক্ষ্য হলো শিশুদেরকে এবং তরুণ ব্যক্তিদেরকে সবচেয়ে সাধারণ ধরনের ফ্লু ভাইরাসগুলোর বিরুদ্ধে সুরক্ষিত রাখা। টিকা গ্রহণ করার পরেও আপনার ফ্লু-তে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে, কিন্তু আপনার গুরুতর অসুস্থ হওয়ার, কোনো শিক্ষা অর্জন থেকে বাদ পড়ার অথবা হাসপাতালে যাওয়ার প্রয়োজন হওয়ার সম্ভাবনা কম।

ফ্লু-এর টিকা যে সুরক্ষা প্রদান করে তা সময়ের সাথে সাথে কমতে থাকে এবং প্রতি বছর এই টিকা ফ্লু-এর যে ধরনগুলোর বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে তা হালনাগাদ হতে থাকে। এজন্য প্রতি বছর ফ্লু-এর টিকা গ্রহণ করা গুরুত্বপূর্ণ।



আরো তথ্যের জন্য  
আমাদের ওয়েবসাইট  
**[northeastlondon.  
icb.nhs.uk/  
TeenVaccines](http://northeastlondon.icb.nhs.uk/TeenVaccines)**  
ভিজিট করুন অথবা এই  
QR কোড স্ক্যান করুন।

**PROTECT  
THEIR  
POTENTIAL**

